**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে শুরু হচ্ছে ।**

**(২) বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা জানিয়েছেন, রাজ্যে প্লাস্টিক দূষন রোধে রাজ্য সরকার কঠোর পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে ।**

**(৩) নির্বাচন কমিশন নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সমস্ত রাজনৈতিক দলের কাছ থেকে পরামর্শ চেয়েছে |**

**(৪) কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম বলেছেন যে সরকার তফসিলি উপজাতিদের মধ্যে সাক্ষরতার হার বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে ।**

*****************************************

**Assembly :**

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে শুরু হচ্ছে। চলবে আগামী পয়লা এপ্রিল পর্যন্ত। অধিবেশনের প্রথমদিনে অর্থাৎ আগামীকাল অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৫–২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করবেন। পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান, বাজেট এবং অন্যান্য বিষয়ের উপর ট্রেজারী ও বিরোধী বেঞ্চের সদস্যরা যাতে বিস্তারিত আলোচনা করতে পারে এরজন্য এবারের বাজেট অধিবেশন বসবে ৭ দিন।

*****************************

**Plastic Pollution :**

বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা জানিয়েছেন, রাজ্যে প্লাস্টিক দূষন রোধে রাজ্য সরকার কঠোর পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে। আজ আগরতলার রাজ্য দুষণ নিয়ন্ত্রণ পর্ষদ ভবনে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান, প্রাস্টিক ক্যারি ব্যাগ ব্যবহার নিষিদ্ধ করার লক্ষ্যে সরকার একটি টাস্ক ফোর্স কমিটি গড়ার সিদ্ধান্ত নিয়েছে। এই কমিটিতে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সহ বিভিন্ন ডিগ্রি কলেজ, বিশ্ববিদ্যালয় ও ইঞ্জিনিয়ারিং কলেজের বিশেষজ্ঞ প্রতিনিধিদের রাখা হবে।

******************************

**Election Commission :**

নির্বাচন কমিশন নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সমস্ত রাজনৈতিক দলের কাছ থেকে পরামর্শ চেয়েছে। পরামর্শ পাঠাতে হবে আগামী ৩০শে এপ্রিলের মধ্যে। তাছাড়া মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সমস্ত রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের আগামী ৩১শে মার্চের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সংক্রান্ত বিষয়ে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সর্বদলীয় বৈঠক সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন। এই বৈঠকগুলিতে জেলা নির্বাচন আধিকারিক এবং নির্বাচন নিবন্ধন আধিকারিকগণকে উপস্থিত থাকতে হবে।

****************************

**Bio-tech Inology SKOCH :**

কলেজ বায়োটেক ক্লাব প্রকল্পের জন্য এবছর জাতীয় স্তরের স্কচ (SKOCH) অ্যাওয়ার্ড ২০২৫ পুরস্কার পেয়েছে রাজ্যের বায়োটেকনোলজি দপ্তর। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা এই সংবাদ জানান। তিনি জানান, আগামী ২৯শে মার্চ নয়াদিল্লির হ্যাবিটেট সেন্টারে এক অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হবে। শ্রী দেববর্মা আরো জানান, বায়োটেকনোলজি দপ্তর ইতিমধ্যেই রাজ্যে মোট ২৪টি বায়োভিলেজ ২.০ প্রজেক্ট রূপায়ণের কাজ করছে এবং আগামী ২০২৫-২০২৬ অর্থবর্ষে আরো ৬টি বায়োভিলেজ ২.০ রূপায়ণের লক্ষ্যমাত্রা

নিয়েছে। বায়োটেকনোলজি দপ্তর রাজ্যের ১৭টি ডিগ্রী কলেজে এপর্যন্ত ১৭টি বায়োটেক ক্লাব গড়ে তুলেছে। আগামী অর্থবর্ষে আরো নতুন ৪টি কলেজে বায়োটেক ক্লাব গড়ে তুলবে। তিনি জানান, বায়োটেক ক্লাবের মাধ্যামে রাজ্যে নতুন নতুন উদ্ভাবনী প্রযুক্তির বিকাশ হচ্ছে যা পরবর্তী সময়ে রাজ্যের আর্থ সামাজিক ও জৈব প্রযুক্তি উন্নয়নে ব্যবহৃত হবে। ইতিমধ্যেই তেচোখা মাছ ব্যবহারে মশার লার্ভা দমন, প্রো বায়োটেক ব্যবহারে সুগন্ধি ধানের গুণগত মান বৃদ্ধি, ভার্মিকম্পোস্ট এর নিবিড় ব্যবহার, FRET প্রযুক্তির মাধ্যামে জলের দূষণ সনাক্তকরন ইত্যাদি কাজ চলছে।

*********************************

**Elephant :**

রাজ্যের জঙ্গলে হাতির সংখ্যা বাড়ছে। বর্তমানে ৩০টি হাতি রয়েছে জঙ্গলে। কিন্তু কমে যাচ্ছে হাতিদের বিচরন ক্ষেত্র। হাতিগুলো মূলত খোয়াই ও গোমতী জেলায় ১৫টি করে দুটি দলে বিভক্ত হয়ে চলাচল করছে। আকাশবাণীকে একান্ত সাক্ষাৎকারে একথা জানিয়েছেন রাজ্যের প্রধান মুখ্য বন সংরক্ষক আর কে সামাল। তিনি জানান, হাতিদের সুরক্ষায় এবং হাতিদের নিরাপদ যাতায়াতে ন্যুনতম তিনটি আন্ডারপাস তৈরি করার জন্য ভারতের জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষ অর্থাৎ এন এইচ এ আই'র কাছে চিঠি দিয়ে দাবি জানিয়েছে বন দপ্তর। তিনি জানান, হাতিদের সুরক্ষার প্রশ্নে রাজ্যের কয়েকটি স্থানে ট্রেনের গতি ২০ কিলোমিটার করার জন্য রেলওয়ে কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানানো হয়েছে।

#######Byte-R K Samal#######

***********************************

**Saras Fair-Unakoti :**

ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশনের উদ্যোগে তিনদিনের ঊনকোটি জেলাভিত্তিক সরস মেলা আজ থেকে শুরু হয়েছে। আজ কুমারঘাটের পি, ডব্লিউ ডি মাঠে মেলার উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। তিনি বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশে স্ব-সহায়ক দলগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা

রয়েছে। আত্মনির্ভরশীল হবার জন্য মহিলারা স্ব-সহায়ক দলের সংগে যুক্ত থেকে সমাজের উন্নয়ন ও করছেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশনের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অজিত শুক্লদাস প্রমুখ। মেলায় ৬০টি স্টল খোলা হয়েছে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Jual Oram :**

কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম বলেছেন যে সরকার তফসিলি উপজাতিদের মধ্যে সাক্ষরতার হার বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। তিনি বলেছেন যে তফসিলি উপজাতিদের সাক্ষরতার হার সামগ্রিক জনসংখ্যার তুলনায় এখনও কম। লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে শ্রী ওরাম বলেন, বিগত কয়েক বছর ধরে উপজাতিদের সাক্ষরতার ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে এবং এই ব্যবধান ধীরে ধীরে কমছে। তিনি বলেন, স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগ ২০১৮-১৯ সাল থেকে স্কুল শিক্ষার

সকল স্তরে লিঙ্গ ও সামাজিক শ্রেণীর ব্যবধান পূরণের জন্য সমগ্র শিক্ষা অভিযান বাস্তবায়ন করছে। মন্ত্রী বলেন, এই প্রকল্পে চিহ্নিত জেলাগুলির ওপর বিশেষ নজর দেয়া হচ্ছে।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*******************************

**WAVEX 2025 :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক ওয়েভেক্স-২০২৫ (WAVEX 2025) নামে এক অভিনব উদ্যোগ চালু করেছে, যার লক্ষ্য মিডিয়া ও বিনোদন ক্ষেত্রে স্টার্টআপদের জন্য তহবিল এবং জাতীয় স্তরের স্বীকৃতি নিশ্চিত করা। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উদ্যোগে মহারাষ্ট্রের মুম্বাইয়ে জিও কনভেনশন সেন্টারে, আগামী পয়লা থেকে চৌঠা মে ইন্টারনেট অ্যান্ড মোবাইল অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার সহযোগিতায় দেশে প্রথম বারের মতো অনুষ্ঠিত হতে চলছে ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট ওয়েভস ২০২৫ অর্থাৎ শ্রুতি-দৃশ্য ও বিনোদন ক্ষেত্রে বিশ্ব শিখর সম্মেলন। ওয়েভেক্স-২০২৫ ভারতীয় স্টার্টআপগুলোর জন্য এক গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হয়ে উঠবে, যা তাদের যথাযথ বিনিয়োগ ও স্বীকৃতি পেতে সাহায্য

করবে এবং তাদের ব্যবসাকে প্রসারিত করতে দেবে। স্টার্টআপদের জন্য থাকবে বিশেষ সেশন, যেখানে তারা ভেঞ্চার ক্যাপিটালিস্ট ও সেলিব্রিটি অ্যাঞ্জেল ইনভেস্টরদের সঙ্গে মিলিত হবার সুযোগ পাবেন। এই পুরো আয়োজন জাতীয় টেলিভিশনে সম্প্রচারিত হবে।

*************************

**Blood Donation–Sudhangsu Das :**

আগরতলায় আজ আগরতলায় প্রানী সম্পদ বিকাশ দপ্তরের কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, দপ্তরের সচিব দীপা ডি নায়ার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহ সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ। শিবিরে ১০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

***************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়রের দীপক মজুমদারের নেতৃত্বে এক প্রতিনিধিদল আজ পুর নিগমের ৪৯ নম্বর ওয়ার্ড এলাকা পরিদর্শন করেন। মেয়র জানান, বৈষ্ণবটিলায় এক কোটি ২৩ লক্ষ টাকা ব্যয়ে ৪০০ আসন বিশিষ্ট কমিউনিটি হলের নির্মান কাজ আগামী তিন মাসের মধ্যে শেষ হবে।

***************************

**CPIM :**

সিপিআইএম পশ্চিম ত্রিপুরা জেলা কমিটির উদ্যোগে আজ আগরতলার শকুন্তলা রোডে এক সভার আয়োজন করা হয়। সভায় প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্ত বলেন, দেশের ১০টি কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন এবং সবকটি বামপন্থী শ্রমিক কৃষক সংগঠন আগামী ২০শে মে সারা দেশে

সাধারণ ধর্মঘটের ডাক দিয়েছে। তিনি তাঁর ভাষণে রাজ্য সরকারের বিভিন্ন নীতির সমালোচনা করেন।

*****************************

**Congress Deputation :**

সদর জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে বিভিন্ন দাবিতে আজ আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদারের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলি হল পুর এলাকায় মশার উপদ্রব নির্মূল করা, বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা ও জল নিকাশি ব্যবস্থার উন্নতি করা। তাছাড়া বছরে ২০০ দিন টুয়েপের কাজ প্রদান ও মজুরির বৃদ্ধি করা। ডেপুটেশনে নেতৃত্ব দেন প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী।

****************************

**Blood Donation :**

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে আজ জি বি হাসপাতালের ব্লাড ব্যাংকে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার প্রতিষ্ঠাতা সভাপতি ডা: প্রদীপ ভৌমিক, জিবি হাসপাতালের সুপার ডা: শংকর চক্রবর্তী। শিবিরে ৩০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলার কিছু কিছু অংশে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস।

****************************